

শিশু ও বাচ্চাদের জন্য প্রাথমিক সহায়তা (ইএসআইটি) প্রোগ্রাম বৈদ্যুতিন তথ্য প্রণালী

এই নিম্নলিখিত তথ্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা প্রাপ্ত পরিবারগুলিকে ইএসআইটি তথ্য প্রণালীতে কিভাবে পরিবার/শিশু বিষয়ক তথ্য ইএসআইটি সংগ্রহ এবং সঞ্চয় করে তা ব্যাখ্যা প্রদান করে।

অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন: www.dcyf.wa.gov/services/child-dev-support-providers/esit

আমার পারিবারিক তথ্য কেন ইএসআইটি তথ্য প্রণালীতে সঞ্চয় করা হচ্ছে?

এটি আপনার পরিবার সংস্থান সমন্বয়কারী (এফআরসি) এবং পরিষেবা প্রদানকারীদের সময় মতো সেবা প্রদান এবং স্বতন্ত্র প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিইএ), পাট সি অনুসারে সংজ্ঞায়িত পিতামাতার/ শিশুর অধিকার অনুসারে সহায়তা করার জন্য ব্যবহৃত হয়। তথ্য প্রণালী স্বয়ংক্রিয়ভাবে রাষ্ট্রীয় এবং রাজ্য ভিত্তিক প্রতিবেদন তৈরি করে যা স্থানীয়, রাজ্য এবং রাষ্ট্রীয় তহবিল প্রাপ্তির জন্য প্রয়োজনীয় বিবেচিত হয়। রাজ্য এবং রাষ্ট্রীয় প্রতিবেদনের ক্ষেত্রে সকল শিশু বিষয়ক তথ্য বেনামে প্রতিবেদন করা হয়। প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার জন্য আপনার শিশুর যোগ্যতা নির্ধারণ এবং একটি স্বতন্ত্র পরিবার পরিষেবা পরিকল্পনা (আইএফএসপি) বিকাশের জন্য তথ্য সংগ্রহ করা হয়।

তথ্য প্রণালী এফআরসি এবং ইএসআইটি প্রদানকারীদের আইডিইএ, পাট সি অনুসারে নিশ্চিত পরিষেবা প্রদানের আশ্বাস দেয়।

আমার তথ্য কি সুরক্ষিত?

হ্যাঁ! আপনার তথ্য আমাদের চতুস্তরীয় সুরক্ষার মাধ্যমে সংরক্ষিত থাকে। এটি আপনার এফআরসি-গণের কম্পিউটার এবং তথ্য প্রণালীর মধ্যে পরিবহনের সময় এলোমেলো হয়ে যায়।

আমার তথ্য কোথায় সঞ্চিত থাকবে?

আপনার তথ্য তথ্য-প্রণালী এবং আপনার এফআরসি এবং ইএসআইটি প্রদানকারীর দ্বারা পাসওয়ার্ডের মাধ্যমে সুরক্ষিত আকারে সংরক্ষণ করা হবে।

আপনার তথ্য ইএসআইটি প্রোগ্রাম দ্বারা পরিচালিত সুরক্ষিত তথ্যভাণ্ডারে সংরক্ষণ করা হবে। এই তথ্য ইন্টারনেটের মাধ্যমে সংগ্রহ করা সম্ভব নয় এবং ইন্টারনেটে এই তথ্য সংরক্ষণ করা হয় না।

কিছু কাগজের ফাইলের এখনও প্রয়োজন রয়েছে এবং সেগুলি আপনার এফআরসির কাছে নিরাপদে সংরক্ষিত থাকবে।

আমার পারিবারিক তথ্য কারা সংগ্রহ করতে পারবেন?

কেবলমাত্র এফআরসি, ইএসআইটি প্রদানকারী এবং ডিসিওয়াইএফ ইএসআইটি আপনার বিশদ পারিবারিক তথ্য সংগ্রহ করতে পারবেন। এফআরসি এবং ইএসআইটি প্রদানকারী কেবলমাত্র আপনার সম্মতি দেওয়ার পরেই আইএফএসপি দলের অন্যান্য সদস্যদের তথ্য সংগ্রহের অনুমতি দিতে পারে।

ইএসআইটি তথ্য প্রণালীকে অবশ্যই পারিবারিক শিক্ষার অধিকার এবং গোপনীয়তা আইন (এফইআরপিএ) এর প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে। এটি বৈদ্যুতিনভাবে বা কাগজ মাধ্যমে সঞ্চিত সমস্ত রেকর্ডের ক্ষেত্রেই প্রযোজ্য।

ইএসআইটি প্রদানকারী এবং ডিসিওয়াইএফ ইএসআইটি প্রোগ্রামের কাছে শিশু এবং পরিবারসমূহ যারা প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা প্রাপ্ত করেছে তাদের সংক্ষিপ্ত প্রতিবেদন সংগ্রহ করার অনুমতি থাকবে। ইএসআইটি প্রোগ্রামের কর্মীদের স্বতন্ত্র পরিবারের তথ্যের কেবলমাত্র প্রদর্শনের অধিকার থাকবে।

পিতামাতারা তাদের এফআরসি থেকে একটি প্রতিবেদনের অনুরোধ করতে পারেন যা পারিবারিক তথ্য সংগ্রহ করেছে এমন সমস্ত ব্যক্তিদের তথ্য প্রদর্শন করবে।

কি ধরনের তথ্য সংগ্রহ করা হবে?

আপনার পরিবার থেকে প্রাপ্ত তথ্য তথ্য-প্রণালীতে প্রবেশ করানো হবে। আপনার এফআরসি আপনাকে বৈদ্যুতিন প্রণালীতে সংগৃহীত এবং সঞ্চিত সমস্ত তথ্যের একটি সম্পূর্ণ তালিকা এবং অনুলিপি প্রদান করতে পারেন।

আপনার পারিবারিক বিবৃতিতে অন্তর্ভুক্ত উদ্বেগ, অগ্রাধিকার এবং সংস্থানগুলি স্বেচ্ছাধীন থাকবে এবং সেগুলি কেবলমাত্র আপনার এফআরসি, আপনি, আপনার ইএসআইটি প্রদানকারী এবং ডিসিওয়াইএফ ইএসআইটি কর্মীদের দ্বারা সংগ্রহযোগ্য।

আমার পরিবার সম্পর্কে প্রণালীতে কি তথ্য রয়েছে সেটি আমি কিভাবে দেখতে পারি?

এই তথ্য সংগ্রহ করার একমাত্র উপায় হল পিতামাতার পোর্টাল এবং আপনার এফআরসি।

আমি আমার পরিবারের তথ্য প্রণালীতে রাখতে ইচ্ছুক না হলেও কি আমি অংশ নিতে পারি?

আপনি যদি প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবাগুলিতে অংশ নিতে চান, তবে আমাদের ফেডেরাল এবং রাষ্ট্রীয় আদেশের অনুযায়ী আপনার সামান্য কিছু তথ্য ইএসআইটি তথ্য প্রণালীতে সংগ্রহের প্রয়োজন।

আপনি যদি কোন বিকল্প বিন্যাস বা ভাষায় এই নথির অনুলিপি চান, অনুগ্রহ করে যোগাযোগ করুন ডিসিওয়াইএফ সাংবিধানিক সম্পর্ক (1-800-723-4831 | 360-902-8060, ConstRelations@dcyf.wa.gov).

DCYF PUBLICATION FS_0012 BN (03-2021) Bengali

